



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বেসরকারি মাধ্যমিক-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৮

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০০১.২০-৫৩৫

১৬ নভেম্বর ২০২১

বিষয়: পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন "কাছেম আলী খান রেসিডেন্সিয়াল স্কুল"-এর স্থাপনের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: বরিশাল শিক্ষা বোর্ডের স্মারক নং-বশিবো/বিঅ/২০২০/১০৮৬৭, তারিখ: ০২/০৬/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল-এর অধীন পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন 'কাছেম আলী খান রেসিডেন্সিয়াল স্কুল'-এর স্থাপনের অনুমতি প্রদানে মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

(ক) ০১ (এক) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে;

(খ) বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;

(গ) পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই প্রধান শিক্ষকসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে;

(ঘ) পাঠদানের অনুমতির জন্য আবেদনকালে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ১০/০৮/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০,০০০ (ছয় লক্ষ), মাধ্যমিক স্তরের জন্য ১০,০০,০০০ (দশ লক্ষ) এবং উচ্চ মাধ্যমিক স্তরের জন্য ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;

(ঙ) কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে; এবং

(চ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

১৬/১১-২০২১

আনোয়ারুল হক

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭০৬৭২

ইমেইল: [as.sec3@moedu.gov.bd](mailto:as.sec3@moedu.gov.bd)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০০১.২০-৫৩৫/১(৮)

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৮

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাত্থ্য ও পরিসংখ্যান বুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) প্রধান শিক্ষক, কাছেম আলী খান রেসিডেন্সিয়াল স্কুল, কলাপাড়া, পটুয়াখালী
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) অফিস কপি, বেসরকারি মাধ্যমিক-২

৬/৪/২৫

১৬-১১-২০২১

আনোয়ারুল হক

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)